দৈনিক খবর

তারিখ 25 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ১

১৬২

# চট্টগ্রাম বিআইটি ক্যাম্পাসে দু'দলের মধ্যে গোলাগুলী ৭ জন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৪শে অক্টোবর।– গতকাল গভীর রাতে চট্টগ্রাম বিআইটি ক্যাম্পাসে দু'দল ছাত্রের মধ্যে ৩ ঘন্টা গুলী বিনিময় হয়েছে। পুলিশ এ ব্যাপারে ৭ জনকে গ্রেফতার ও বিভিন্ন অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে।

ক্যাম্পাসে আইন-শৃংখলার অবনতি ও নিরাপত্তাহীনতার কারণে বিআইটির শিক্ষক ও কর্মচারীরা কাজ বন্ধ করে দিয়েছে।

রাত দু'টার দিকে বাংলাদেশ ছাত্রলীগ এবং জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে গুলী বিনিময় শুরু হয়। গুলীর শব্দে ক্যাম্পাস এবং আশেপাশের এলাকা কেঁপে উঠে। গভীর রাতে ব্যাপক গোলাগুলী শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবারবর্গ, সাধারণ ছাত্র এবং স্থানীয় জনসাধারণকে আতংকগ্রস্ত

২–এর পাতায় দেখুন

## চট্টগ্রাম বিআইটি ক্যাম্পাসে

প্রথম পৃষ্ঠার পর

করে তোলে। বাকী রাত তারা বিনিদ্র অতিবাহিত করেন। পুলিশ বলেছে, ছাত্রদের বিবাদ থামাতে পুলিশকে ৫ রাউন্ড ফাঁকা গুলী বর্ষণ করতে হয়েছে। এ পর্যায়ে ৭ জনকে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে একটি চীনা কুড়াল, ৩টি মুখোশ, ১টি কার্তুজ ও ২টি ব্যাগ উদ্ধার করে। ভোর রাত ৫টা পর্যন্ত দু'পক্ষের মধ্যে গুলী বিনিময়ের শব্দ শোনা গেছে বলে স্থানীয় জনসাধারণ জানিয়েছেন।

পুলিশ আজ সকালে বিআইটি সংলগ্ন জঙ্গলে তল্লাশী চালায়। দু'টি এলজি ও দু'রাউন্ড গুলী পাওয়া গেছে।

রাতের ঘটনার পরিপ্রেক্ষিতে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। সেখানে বসবাসকারী শিক্ষক, কর্মচারী ও তাদের পরিবারবর্গ এবং সাধারণ ছাত্ররা নিরাপত্তাহীনতায় ভুগছে। শিক্ষক-কর্মচারীরা আজ দুপুর থেকে কাজ বন্ধ করে দিয়েছেন। তারা মিছিল ও সমাবেশ করে ঘটনার প্রতিবাদ জানিয়েছেন। ছাত্রলীগও মিছিল করেছে।

চট্টগ্রাম বিআইটি (সাবেক ইঞ্জিনিয়ারিং কলেজ) পরিস্থিতি দীর্ঘদিন ধরে উত্তেজনাময়। বাংলাদেশ ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদলের আধিপত্য এখানে। তাদের মধ্যে দ্বন্দ্বের কারণে ইতিপূর্বে বেশ ক'বার ক্যাম্পাস পরিস্থিতির অবনতি ঘটেছে এবং লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ ব্যাহত হয়েছে।

পুলিশ জানিয়েছে, গতকাল রাতে গুলী বিনিময়ের ঘটনায় কেউ হতাহত হয়নি। তবে অন্য একটি সূত্রে ৫ জনের আহত হওয়ার সংবাদ জানা গেছে। গ্রেফতারকৃতরা হলেন উত্তর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক দেবাশীষ পালিত, সুমিত্র বড়ুয়া, আবদুর রশীদ, জুপিটার চাকমা, আবদুল খালেক, হারাধন দাস ও ফজলুল হক।

### কাপ্তাই সড়কে ব্যারিকেড

রাঙ্গুনিয়া থেকে সংবাদদাতা জানিয়েছেন, ছাত্রলীগের দু'জন নেতা ও একজন যুবনেতার ওপর বিআইটি এলাকায় হামলার প্রতিবাদে রাঙ্গুনিয়া কলেজের ছাত্ররা আজ কাপ্তাই সড়কে ব্যারিকেড সৃষ্টি করে। এতে প্রায় ৫ ঘন্টা যানবাহন আটকা পড়ে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতির অবসান হয়।